



Subject: Bengali

Worksheet – 12
শ্রেণী পঞ্চম
পাঠ - বাংলা ব্যাকরণ (বাক্য)
প্রশ্ন পত্র

Date: 27-Apr-20

বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:

(১×১৫=১৫)

১/অর্থ যুক্ত কতগুলো পদ পাশাপাশি বসে কি তৈরি হয়?

- (i) বর্ণ (ii) শব্দ
(iii) বাক্য (iv) ধ্বনি

২/যে পদ গুলির দ্বারা বক্তার মনের ভাব পুরোপুরি ব্যক্ত হয় তাকে বলে

- (i) শব্দ (ii) ধ্বনি
(iii) অর্থ (iv) বাক্য

৩/বাক্য তৈরি করার জন্যে—

- (i) কতগুলো শব্দকে পাশাপাশি বসাতে হয়।
(ii) শব্দকে পদে পরিণত করে পাশাপাশি বসাতে হয়।
(iii) অর্থপূর্ণ পদ পাশাপাশি বসাতে হয়।
(iv) শব্দ পাশাপাশি না বসালেও হয়

৪/বালক মাঠ খেল—

- (i) এটি সম্পূর্ণ বাক্য (ii) একটি অসম্পূর্ণ বাক্য
(iii) এটি বাক্য নয় (iv) এটি বাক্যের মত

৫/সুবীর মাঠ নাচে। এটি বাক্য নয় কারণ—

- (i) শব্দগুলো পরপর বসেনি (ii) এখানে কোন পদ নেই
(iii) এটির কোন অর্থ বোঝাচ্ছে না (iv) কোনোটিই নয়

৬/বালকেরা মাঠে খেলছে। এখানে বালকেরা শব্দে কোন বিভক্তি রয়েছে?

- (i) কেরা বিভক্তি (ii) এরা বিভক্তি
(iii) রা বিভক্তি (iv) কোনোটিই নয়

৭/বাক্য তৈরির মূলে কি থাকে?

- (i) কর্তা (ii) কর্ম
(iii) ক্রিয়া (iv) কর্তা ও ক্রিয়া

৮/বাক্যে 'যে কাজ করে' তাকে কি বলা হয়?

- (i) কর্তা (ii) কর্ম
(iii) ক্রিয়া (iv) কাজের লোক

৯/কর্তা যা করে তাকে বলা হয়?

- (i) কর্ম (ii) ক্রিয়া
(iii) পদ (iv) গুণ

Worksheet – 12

১০/‘বাড়ি যাও’ বাক্যটিতে কি উহ্য রয়েছে?

- (i) কর্তা (ii) কর্ম
(iii) ক্রিয়া (iv) কোনোটিই নয়

১১/‘খেতে এসো’– এখানে কি উহ্য রয়েছে?

- (i) আমি /আমরা (ii) তুমি/তোমরা
(iii) সে/তারা (iv) কেউ না

১২/রমেশ ভালো ছেলে বাক্যটিতে কোন পদ টি উহ্য আছে?

- (i) কর্তা (ii) কর্ম
(iii) ক্রিয়া (iv) বিশেষ্য

১৩/বাক্যের কটি অংশ?

- (i) একটি (ii) দুটি
(iii) তিনটি (iv) চারটি

১৪/বাক্যের দুটি অংশ কি কি?

- (i) বাক্য ও শব্দ (ii) উদ্দেশ্য ও বিধেয়
(iii) কর্তা ও কর্ম (iv) কোনোটিই নয়

১৫/অবাস্তব কোন ঘটনা বাক্য তৈরি করতে পারে না –কথাটি

- (i) সম্পূর্ণ সত্য (ii) আংশিক সত্য
(iii) সম্পূর্ণ মিথ্যা (iv) আংশিক মিথ্যা

Teacher’s Name: Antara Ghosh